

স্মারক নং-৪৬.০৪৫.২০.০০৯. ১০.০১০.২০১৭(অংশ-১)-১২৪৪

তারিখ : ০৬/১১/২০১৭

প্রেরক : মোহাম্মদ জহিরুল ইসলাম  
সিনিয়র সহকারী সচিব

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা  
স্থানীয় সরকার বিভাগ  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
মৌচাক টাওয়ার (১১ তলা) ৮৩/বি, নিউ সার্কুলার রোড, ঢাকা।

বিষয় : ২০১৭-১৮ অর্থ বৎসরের উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনাদি নির্মাণ পুনঃনির্মাণ, মেরামত ও রক্ষণাবেক্ষণ খাতে ২০.০০ লক্ষ (বিশ লক্ষ) টাকা মঞ্জুরী প্রদান।

মহোদয়,

অর্থ বিভাগের ৩০-০৮-২০০০ তারিখের অমঃঅবিঃ/উঃ-১/বিবিধ-৪৬/৯৭-৪৬৯ নং স্মারকে প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগকে প্রদত্ত ক্ষমতা বলে ২০১৭-২০১৮ অর্থ বৎসরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে (কোড নম্বর-৫০১০) উপজেলা সমূহের জন্য উন্নয়ন সহায়তা খোক বরাদ্দের ৫০০.০০ কোটি (পাঁচশত কোটি) টাকার উপজেলা কমপ্লেক্স ভবনাদি নির্মাণ/পুনঃনির্মাণ মেরামত ও রক্ষণাবেক্ষণ উপখাতে রক্ষিত ৬০.০০ কোটি (ষাট কোটি) টাকা হতে নিম্নবর্ণিত উপজেলা পরিষদেদের অনুকূলে ২০.০০ লক্ষ (বিশ লক্ষ) টাকা নির্দেশক্রমে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি :

জেলার নাম	উপজেলার নাম	প্রকল্পের নাম	বরাদ্দের পরিমাণ (লক্ষ টাকায়)
ময়মনসিংহ	হালুয়াঘাট	উপজেলা পরিষদের আবাসিক ভবন সুরভী মেরামত, মহুয়া, উর্বশী মেরামত, ডরমেটরী, পরিষদ ভবন মেরামত	২০.০০

শর্তাবলী

- এই ব্যয় ২০১৭-২০১৮ অর্থ বছরের উন্নয়ন বাজেটের মঞ্জুরী নং ৩৪, ৩৭ স্থানীয় সরকার বিভাগ, ৫ উন্নয়ন, ৩৭০১ সচিবালয়, ৫০১০-৭৯৮১ কোডে উপজেলা সমূহের জন্য উন্নয়ন সহায়তা খোক বরাদ্দ হতে মিটানো হবে।
- প্রচলিত সরকারি বিধান ও এ বিভাগ কর্তৃক ১০-১১-২০১৪ খ্রিঃ তারিখে ৪৬.০৪৫.০১৮.০০.০০.০৫৪.২০১৩-১১৬৮ নং স্মারকে জারিকৃত উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা অনুসরণে উপজেলা কমপ্লেক্স ভবনাদি নির্মাণ/পুনঃনির্মাণ/মেরামত ও পিপিআর, সরকারি বিধি বিধান অনুসরণপূর্বক রক্ষণাবেক্ষণের অনুমোদিত প্রকল্প/স্কীম বাস্তবায়নে মঞ্জুরীকৃত এই বরাদ্দের অর্থ ব্যয় করা হবে।
- উপজেলা পরিষদ চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসার যৌথভাবে মঞ্জুরীকৃত অর্থের আয়ন ও ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন।
- ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ি থাকবেন।
- এই বরাদ্দের অধীন অনুমোদিত স্কীম এবং প্রচলিত আর্থিক নীতিনীতি অনুযায়ী ব্যয় নির্বাহ করে সংশ্লিষ্ট হিসাব রক্ষণ কর্মকর্তার নিকট বিল দাখিলপূর্বক সরকারি তহবিল থেকে প্রয়োজনীয় অর্থ আহরণ করতে হবে।
- বরাদ্দকৃত অর্থে আগামী ৩০-০৬-২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে সকল কাজ সমাপ্ত করে বাস্তবায়িত/সমাপ্ত প্রকল্পের (Project Completion Report) সংশ্লিষ্ট উপজেলা প্রকৌশলী, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা পরিষদ চেয়ারম্যান এর যৌথ স্বাক্ষরে ১৫-০৭-২০১৮ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে।
- বরাদ্দকৃত অর্থে নির্ধারিত/অনুমোদিত প্রকল্প পরিবর্তন করা আবশ্যিক হলে স্থানীয় ভাবে গুরুত্ব/অগ্রাধিকার বিবেচনায় তা উপজেলা পরিষদের সভার সিদ্ধান্তক্রমে বাস্তবায়ন করা যাবে।
- উপজেলা পরিষদ ভবন উর্ধ্বমুখী সম্প্রসারণের ক্ষেত্রে বর্তমান ভবনের ফাউন্ডেশন, ডিজাইন, Soil Test-Gi Report-এর ভিত্তিতে এলজিইডির ডিজাইন ইউনিট হতে যাচাই করে কাজ বাস্তবায়ন করতে হবে।
- সচিব, স্থানীয় সরকার বিভাগ উক্ত অর্থ ব্যয়ের নির্বাহী কর্তৃপক্ষ হিসেবে দায়িত্ব পালন করবেন।
- এই ব্যয় মঞ্জুরিতে অর্থ বিভাগের ৩১/০৭/২০১৭ খ্রি তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০১.২০১০-৫৩৯ নং স্মারকের সম্মতি রয়েছে।

মোহাম্মদ জহিরুল ইসলাম  
সিনিয়র সহকারী সচিব  
ফোন-৯৫৭৭২৩০  
তারিখ : ০৬/১১/২০১৭

স্মারক নং-৪৬.০৪৫.২০.০০৯. ১০.০১০.২০১৭(অংশ-১)-১২৪৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল :

- সিনিয়র সচিব, অর্থ বিভাগ (দৃঃ আঃ সিনিয়র সহকারী সচিব, বাজেট-১১)।
- কমিশনার, -----বিভাগ।
- জেলা প্রশাসক, -----জেলা।
- চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলাঃ----- জেলা-----।
- ভাইস চেয়ারম্যান(পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, উপজেলাঃ----- জেলা-----।
- উপজেলা নির্বাহী অফিসার, উপজেলাঃ----- জেলাঃ-----।
- নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর,-----, তাঁকে অনুমোদিত স্কীম বাস্তবায়নে উপজেলা প্রকৌশলীর মাধ্যমে যথাযথ কারিগরী মান বজায় রাখার বিষয়ে নিশ্চিত করতে হবে।
- জেলা/উপজেলা হিসাব রক্ষণ অফিসার, উপজেলাঃ-----জেলা-----।
- উপজেলা প্রকৌশলী, উপজেলাঃ----- জেলা-----।
- সিনিয়র সহকারী প্রধান (পরিচালনা-১), স্থানীয় সরকার বিভাগ।
- কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ ( জি, ও কপিটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

মোহাম্মদ জহিরুল ইসলাম  
সিনিয়র সহকারী সচিব